বায়তুশ শরফ আদর্শ কামিল (অনার্স-মাস্টার্স) মাদ্রাসা

নির্বাচনী পরীক্ষা-২০২১ (ঘর বসে)

শ্রেণি ঃ দাখিল ১০ম

বিষয় ঃ বাংলা ১ম পত্র

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

বহুনির্বাচনী অভীক্ষা

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর: প্রতিটি প্রশ্নের মান -১]

১। রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?
ক) মানসী খ) বনফুল গ) চিত্রা ঘ) খেয়া

২। সুভার উপস্থিতিতেই সকলে তার ভবিষ্যৎ সম্পর্কে কোন মনোভাব প্রকাশ করত?
ক) হতাশা খ) দুশ্চিন্তা গ) বিরক্তি ঘ) অনুগ্রহ

৩। 'কপোল' শব্দের অর্থ কী?
ক) কপাল খ) ভাগ্য গ) গাল ঘ) চোখ

৪। মুখের ভাব ভিন্ন যার জন্য ভাষা নেই তার চোখের ভাষা-
i) অসীম উদার ii) অতলস্পর্শ iii) অনেকটা স্বচ্ছ আকাশের মতো
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫। ড. মুহাম্মদ শহীদুল্লাহ কোন বিষয়ে অনার্স পার্স করেন?
ক) সংস্কৃত খ) উর্দু গ) বাংলা ঘ) আরবি

৬। Fi, Fie, Foh, Fun এই গুলো কাদের বুলি?
ক) ডাকিনীদের খ) রাক্ষকসদের গ) ভূতের ঘ) পেত্নীদের

৭। রোঁমা-রোলাঁ কত খ্রিষ্টাব্দে নোবেল পুরস্কার পান?
ক) ১৯১৩ খ) ১৯১৪ গ) ১৯১৫ ঘ) ১৯১৬

৮। 'পল্লী সাহিত্য' সংগ্রহের জন্য প্রয়োজন-
i) আধুনিক শিক্ষার প্রসার ii) মন মানসিকতার iii) স্বেচ্ছা সেবক দল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯। 'মানুষ মুহাম্মদ (স.)' প্রবন্ধ মতে, শত্রুর প্রতি নবিজীর কোনটি ছিল না?
ক) দোয়া খ) হেদায়ত গ) প্রতিবাদ ঘ) অভিযোগ

১০। হযরত মুহাম্মদ (সা.) সবার অন্তর জয় করতে পেরেছিলেন কীভাবে?
ক) অন্তরাত্মার গুনে খ) মানবীয় গুনাবলীর জন্য
গ) বংশ মর্যদার কারণে ঘ) মক্কাজয় করার কারণে

১১। 'রুধিরাক্ত' অর্থ কী?
ক) রঞ্জিত খ) অত্যাচারিত গ) রক্তাক্ত ঘ) অভিভুত

১২। হযরত মুহাম্মদ (সা.) সম্পর্কে 'মানুষ মুহাম্মদ (সা.)' প্রবন্ধে বর্ণিত যথার্থ সত্য হচ্ছে-
i) সত্যে তিনি বজ্রের মতে কঠিন ii) করুণায় তিনি ছিলেন সুকোমল
iii) শত্রুর ভয়ে তিনি ছিলেন ভীত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩। 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে লেখক কোনটিকে চিন্তার নিগড় থেকে মুক্তি দেওয়ার কথা বলেছেন?
ক) শিক্ষা খ) অন্ন গ) বস্ত্র ঘ) অর্থ

১৪। শিক্ষা অন্তরের ব্যাপার না হয়ে ওঠার কারণ
i) জ্ঞানার্জনে অনীহা ii) মনুষ্যত্ব বিসর্জন iii) বিবেক বুদ্ধি লোপ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫। পানশিরের বরফ পড়ার ধরণ-
i) কখনো সোজা ii) কখনো ঘুরঘট্টি ঘন iii) ছেঁড়া, ছেঁড়া পোঁজা তুলোর মতো
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬। ২৫ শে মে ১৯৭১ সালে মুক্তি ফৌজরা ঢাকার কয়টি স্থানে গ্রেনেড হামলা করে?
ক) পাঁচ খ) ছয় গ) সাত ঘ) আট

১৭। 'প্রহসন' কথাটির অভিব্যক্তি কোনটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ?
ক) হাস্যরস খ) বিরহ গ) কৌতুক ঘ) আনন্দ

১৮। প্রবন্ধ সাহিত্যের বৈশিষ্ট হলো-
i) সৃজনশীলতা ii) কল্পনা শক্তি iii) বুদ্ধিবৃত্তি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯। কবি আব্দুল হাকিমের কাব্যে যে দিকটির পরিচয় মেলে-
i) স্বদেশ প্রেম ii) অনুপম ব্যক্তিত্ব iii) মাতৃভাষার প্রতি গভীর অনুরাগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০। মাইকেল মধুসূদনদত্ত কীভাবে কপোতাক্ষ নদের কথা ভাবেন?
ক) বিরলে খ) স্বপ্নে গ) খুশিমনে ঘ) দুঃখমনে

২১। সনেটের বৈশিষ্ট্য কী?
ক) আট চরণ, চৌদ্দ মাত্রা খ) চৌদ্দ চরণ, আট মাত্রা
গ) আট চরণ, আট মাত্রা ঘ) ছয় চরণ, ছয় মাত্রা

২২। 'কপোতাক্ষ' নদের কবিতার প্রকাশিত হয়েছে-
i) কবির অনুরাগ ii) দেশপ্রেম iii) নদীর বর্ণনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩। খেতে দাও তুমি অন্নহীন
চিকিৎসা দাও পয়সা বিনে

উদ্দীপকের বক্তব্যের সাথে সাদৃশ্যপর্ণ চরণ কোনটি?

ক) তোমার মিনারে চড়িয়া ভন্ড গাহে স্বার্থের জয়
খ) মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ন
গ) তিমির রাত্রি পথ জুড়ে তার ক্ষুধার মানিক জ্বলে
ঘ) আমার ক্ষুদার অন্ন তা বলে বন্ধ করিনি প্রভু

২৪। 'যাব আমি তোমার দেশ' কবিতায় কবি পল্লিগাঁয়ে যে কারণে যেতে চেয়েছেন-

i) ধল দিঘীতে সাঁতার কাটতে   ii) দস্যি ছেলেদের সাথে খেলতে
iii) অতীত দিনের খোঁজে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৫। 'যাব আমি তোমার দেশে' কবিতায় কোন ফুলের সুবাস বাতাসে ভেসে আসে?

ক) হিজল   খ) কদমকলি   গ) রক্তকমল   ঘ) নাম না জানা ফুল

২৬। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি তার নিজস্ব অস্থি সজ্জায় গ্রথিত রেখেছেন-

i) গ্রামের পশু পাখি ও বনের জীবজন্তু   ii) গ্রামের মাঠ ঘাট ও পথ প্রান্তর
iii) গ্রামের ধানের সমারোহও বিশাল নদীর কিনার

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৭। সবকিছু বিভেদের রেখামুছে দিয়ে 'আমার পরিচয়' কবিতায় কবি কিসের ছবি আঁকতে চেয়েছেন?

ক) ভালোবাসার   খ) প্রেরণার   গ) শান্তির   ঘ) সাম্যের

২৮। 'আমার পরিচয়' কবিতার মূল্য বক্তব্য হলো-

i) সমৃদ্ধ ইতিহাস বর্ণনা   ii) আবহমান ঐতিহ্য ও সাংস্কৃতিক বর্ণনা
iii) ক্ষুদ্র নৃগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৯। 'স্বাধীনতা এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় কপালে কবজিতে লাল সালু বেঁধে এই মাঠে কে ছুটে এসেছিল?

ক) পাতাকুড়ানিরা   খ) মধ্যবিত্ত শেণী
গ) লোহার শ্রমিক   ঘ) উলঙ্গ কৃষক

৩০। ৭ই মার্চের সেদিনের রমনার রেসকোর্স ময়দানে আজগড়ে উঠেছে-

i) শিশুপার্ক   ii) চিড়িয়াখানা   iii) জাতীয় জাদুঘর

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

বায়তুশ শরফ আদর্শ কামিল (অনার্স-মাস্টার্স) মাদ্‌রাসা
নির্বাচনী পরীক্ষা-২০২১
শ্রেণি ঃ দাখিল ১০ম
বিষয় ঃ বাংলা ১ম পত্র
সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **পূর্ণমান : ৭০**

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্যাংশ থেকে চারটি এবং পদ্যাংশ থেকে তিনটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। মা মরা মেয়ে মিনু। বাবা জন্মের আগেই মারা গেছে। সে মানুষ হচ্ছে এক দুর সম্পর্কের পিসিমার বাড়িতে। বয়স মাত্র দশ, কিন্তু এই বয়সেই সবরকম কাজ করতে পারে সে। সবরকম কাজই করতে হয়। লোকে অবশ্য বলে যোগেন বসাক মহৎ লোক বলেই অনাথা বোবা মেয়েটাকে আশ্রয় দিয়েছেন।

ক) গোসাইদের ছোট ছেলের নাম কি? ১

খ) সুভা মনে মনে বিধাতার কাছে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত কেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের মিনু 'সুভা' গল্পের কোন চরিত্রের প্রতীক? নিরুপন কর। ৩

ঘ) উদ্দীপকের মিনুর সাথে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্য থাকলেও সুভার জগৎটি ভিন্ন" উক্তটি বিশ্লেষণ কর। ৪

২। কৃষ্ণপুর গ্রামের জমির উদ্দিন একজন অতি সাধারণ মানুষ। দোতারা হাতে গ্রামে গ্রামে গান গেয়ে বেড়ায়। সবাই মুগ্ধ হয়ে তার গান শোনে। এসব গান কত প্রেম, কত সৌন্দর্য আর কত তত্ত্বজ্ঞান ওপ্রোতভাবে জড়িয়ে আছে। এগুলো আমাদের অমূল্য রত্নবিশেষ হলেও তা আজ বিলুপ্তির পথে। পল্লি সাহিত্যের এসব উপাদান সংগ্রহ, সংরক্ষণ ও সম্প্রসারণের দায়িত্ব আমাদের সকলের।

ক) পল্লী সাহিত্য কী জাতীয় রচনা? ১

খ) Folklore Society এর কাজ কী? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে 'পল্লী সাহিত্য' প্রবন্ধের কোন দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ৩

ঘ) উদ্দীপকের শেষ বাক্যটি 'পল্লি সাহিত্য' প্রবন্ধের মূল কথাকে প্রতিকায়িত করতে সক্ষম হয়েছে'। উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৩। এক মার্কিন শ্বেতাঙ্গ যুক্তরাষ্ট্র প্রাবাসী সোহেল ভুঁইয়াকে লক্ষ্য করে গুলি ছোড়ে। মরতে মরতে বেঁচে যান সোহেল। ঘাতককে গ্রেফতার করা হয়। আদালত তাকে মৃত্যুদণ্ড দেয়। কিন্তু সোহেল ঘাতককে বাঁচাবার জন্য মরিয়া হয়ে ওঠেন। হত্যাকারীকে ক্ষমা করে দিয়ে তার মৃত্যুদন্ড মওকুফের জন্য নিজেই এখন সোচ্চার।

ক) হিযরত শব্দের অর্থ কী? ১

খ) হযরত আবু বকর (রা.) কি করে সকলের সম্বৎ ফিরিয়ে এনেছিলেন? ২

গ) সোহেলের চরিত্রে মুহাম্মদ (সা.) এর কোন দিকটি ফুটে উঠেছে ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকটিতে মুহাম্মদ (সা.) এর চরিত্রের আংশিক প্রতিচ্ছবি ফুটে উঠেছে। তা বিশ্লেষণ কর। ৪

৪। "এই কথাই বলাবার কথা যে, সত্যকে চাই অন্তরে উপলব্ধি করতে এবং সত্যকে চাই বাইরে প্রকাশ করতে কোনো সুবিধার জন্য নয়, সম্মানের জন্য নয়, মানুষের আত্মাকে প্রচ্ছন্নতা থেকে মুক্তি দেওয়ার জন্যে। মানুষের সেই প্রকাশ তত্ত্বটি আমাদের শিক্ষার মধ্যে প্রচার করতে হবে, কর্মের মধ্যে প্রচলিত করতে হবে, তাহলেই সকল মানুষের সম্মান করে আমরা সম্মানিত হব। নবযুগের উদ্বোধন করে আমরা জরামুক্ত হব।

ক) জীবসত্তার ঘর থেকে মানব সত্তার ঘরে উঠার মই কোনটি? ১

খ) 'বেশীভাগ লোকই যে তিমির সে তিমিরে থেকে যাবে' ব্যাখ্যা কর। ২

গ) 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটির প্রতি উদ্দীপকে গুরুত্ব দেওয়া হয়েছে- ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকটি শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধের খন্ডাংশ মাত্র" মন্তব্যটির স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫। লক্ষ লক্ষ হা ঘরে দুর্গত
ঘৃন্য যমদুত সেনা এড়িয়ে সীমান্ত পাড়ে ছোটে
পথে পথে অনশনে অন্তিম যন্ত্রনা রোগে, ত্রাসে
সহস্রের অবসান, হন্তারক বারুদের বন্দুকে
মুর্ছিত মৃতের দেহ বিদ্ধ করে.......।

ক) কে লেখিকার কাছে পাড়া ছাড়ার কথা জানতে চেয়েছিল? ১

খ) পাড়া ছেড়ে লোকজন পালিয়ে যাচ্ছিল কেন? ২

গ) 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকটি প্রদত্ত উদ্দীপকে দৃশ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ) "একাত্তরের দিনগুলির রচনাটি উদ্দীপকের চেয়ে অনেক বেশী ব্যঞ্জনধর্মী ও বিস্তৃত ঘটনা বহুল। মন্তব্যটির যথার্থতা নিরুপন কর। ৪

৬। বাগবাজার এসেচার থিয়েটার ১৮৬৭ সালে একদল মধ্যবিত্ত বাঙ্গালি যুবকের দ্বারা কলকাতায় প্রতিষ্ঠিত হয়। সীমিত সাধ্যের মধ্যেও প্রাথমিক প্রচেষ্টাস্বরূপ এই দল ১৮৬৭ সালে মধুসূদন দত্তের 'সুমিষ্টা' নাটক মঞ্চস্থ করে। পরের বছর দুর্গাপুজার সময় বাগবাজারের প্রাণকৃষ্ণ হালদারের বাড়িতে তারা দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' নাটকের অভিনয় করেন। এ দলের পরবর্তী অভিনয় 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসন ও 'ললিবতী' সামাজিক নাটক।

ক) 'নীলদর্পন' কোন ধরণের নাটকের শ্রেষ্ঠ উদাহরণ? ১

খ) 'শেষ হয়ে হইলনা শেষ' কথাটি খুবই গুরুত্বপূর্ণ কেন? ২

গ) উদ্দীপকটিতে 'সাহিত্যের রূপ ও রীতি প্রবন্ধের যে বিষয়ের প্রতিগুরুত্ব দেওয়া হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের বিভিন্নধর্মী নাটকের সুবিন্যস্ত প্রকাশ 'সাহিত্যের রূপ ও রীতি প্রবন্ধের ফুটে উঠেছে" এর যথার্থতা নিরুপন কর। ৪

৭। বাংলা যেন কেমন-কেমন, খুউব দুর্বল প্যানপ্যানে
শুনলে বেশি গা জ্বলে যায়, একঘেয়ে আর ঘ্যানঘ্যানে।
কীসের গরব? কীসের আশা?
আর চলে না বাংলা ভাষা
কবে যেন হয় 'বেঙ্গলি ডে' ফেব্রুয়ারী মাসে না?
জানেন দাদা, আমার ছেলের বাংলাটা ঠিক আসে না।

ক) কবি আবদুল হাকিমের গ্রামের নাম কী? ১
খ) 'নিজ পরিশ্রম তোষি আমি সর্বজন'- পঙক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ) উদ্দীপকের কবিতাংশে 'বঙ্গবাণী' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) 'উদ্দীপকের কবিতাংশে 'বঙ্গবানী' কবিতার কবির বিপরীত চেতনা প্রকাশ পেয়েছে'- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৮। স্বপ্নে আমার গড়াই নদী নিতুই কাছে ডাকে
ভালোবাসার নদী আমার বুকে মাঝে থাকে।
চপলমোদী ঢেউ থিরথির টলটল রাগে জল
তোমার কথা পড়লে মনে চক্ষু ছলছল।
তোমার জলেই ডুব সাঁতারে শীতল করি বুক
আবার কবে পাওয়া হবে ছুঁয়ে দেখার সুখ।

ক) 'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১
খ) 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে'- বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ) 'আবার কবে পাওয়া হবে ছুঁয়ে দেখার সুখ' চরণটিতে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) "কবিতাংশটি 'কপোতাক্ষ নদ' কবিতার সার্থক রূপায়ণ"-মূল্যায়ন কর। ৪

৯। জনাব আহমেদ সাহেব একজন মানবতাবাদী মানুষ। তিনি দরিদ্রজনকে ভালোবাসেন এবং তাদের অধিকারের কথা বলেন। তিনি নিজের সাধ্যমতো দান করেন। ধর্মের জন্য নয় তিনি মানবতার কারণেই বিপদগ্রস্তকে সাহায্য সহযোগিতা করেন।

ক) 'মানুষ' কবিতায় 'পুরুত' শব্দের দ্বারা কার প্রতি ইঙ্গিত করা হয়েছে? ১
খ) ভুখারি ফিরে যাওয়ার সময় কী বলেছিলেন? বুঝিয়ে লেখ। ২
গ) উদ্দীপকের আহমেদ সাহেবের সাথে কবিতার মোল্লা পুরুতের বৈসাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের আলোকে 'মানুষ' কবিতার মূলভাব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১০। খেতের পরে খেত চলেছে, খেতের নাহি শেষ,
সবুজ হাওয়ায় দুলছে ও কার এলা মাথার কেশ।
সেই কেশেতে গয়না পরায় প্রজাপতির ঝাঁক,
চঞ্চুতে জল ছিটায় সেথা কালো কালো কাক।
সাদা সাদা বক-কনেরা রচে সেথায় মালা।
শরৎকালে শিশির সেথা জ্বালায় মানিক আলা।

ক) কবি জসীম উদ্‌দীনের বিখ্যাত কাব্যের নাম কী? ১
খ) কবি 'দীঘল বাঁকা পন্থখানি' বলতে কী বুঝিয়েছেন? ২
গ) উদ্দীপকটির মূলভাবে সঙ্গে 'যাব আমি তোমার দেশে' কবিতার কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকটির মূলভাবের সঙ্গে 'যাব আমি তোমার দেশে কবিতার মূলভাবের মিল বিদ্যমান- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১। দুলিতেছে তরি ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ,
ছিঁড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মৎ?
কে আছ জোয়ান হও আগুয়ান হাঁকিছে ভবিষ্যৎ।

ক) সব স্মৃতি মুছি দিতে কী উদ্যত? ১
খ) 'ঢেকে দেয়া এই ঢাকার হৃদয় মাঠখানি' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ) উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো'- কবিতার কোন দিককে উন্মোচিত করেছে-ব্যাখ্যা কর। ৩
ঘ) "উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার সমগ্র ভাবকে ধারণ করেনি"-মূল্যায়ন কর। ৪